সংবাদ

তারিখ 16 MAR 2003
পৃষ্ঠা ১২ কলাম ৩

# বাঁশের চেয়ে কঞ্চির দর বেশি

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুকের পিএস মো. গোলাম ইয়াহিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক নাদির জুনাইদের সঙ্গে অশোভন আচরণ করেছেন এবং তাকে, দেখে নেয়ার হুমকি দিয়েছেন বলে অভিযোগ পাওয়া যায়। শনিবার নাদির জুনাইদ এ বিষয়ে লিখিতভাবে সাংবাদিকদের জানান।

জানা গেছে, শুক্রবার সকালে গোলাম ইয়াহিয়া তাদের বাস ভবনে টেলিফোন করে নাদির জুনাইদের পিতা ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মোহাম্মদ জুনাইদের মোবাইল ফোন নাম্বার চান। নাদির জুনাইদ মোবাইল নাম্বারটি দিতে না পারায় তাকে ধমক দেন। এ সময় গোলাম ইয়াহিয়া তাকে তুমি তুমি করে কথা বলতে থাকেন। তিনি (নাদির জুনাইদ) তখন নিজেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক বলে পরিচয় দেন। এরপরও তাকে

বাঁশ ঃ পৃঃ ১১ কঃ ১

## বাঁশ ঃ কঞ্চি

(১২ পৃষ্ঠার পর)

বিভিন্ন অপমানজনক কথা বলতে থাকেন এবং ভয় প্রদর্শক পদকে উপহাস করেন। নাদির জুনাইদ তখন ফোন রেখে দেন। আবারও তাকে ফোন করে একাধিকবার 'ব্লাডি হেল' বলে গালি দিয়ে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি-প্রোভিসিরা আমাদের কাছে কিছু না, আর আপনি তো এক ব্লাডি হেল লেকচারার। এ ব্যাপারে শিক্ষামন্ত্রীর পিএস গোলাম ইয়াহিয়ার মোবাইল ও বাসার ফোন নাম্বারে যোগাযোগের চেষ্টা করে তাকে পাওয়া যায়নি।